

ঢাবির অ্যাকাউন্টিং বিভাগের নাম পরিবর্তন

ঢাবি প্রতিনিধি

০৪ মে, ২০২৫ ১৫:৩৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের নাম পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত নাম অনুযায়ী এখন থেকে এই বিভাগের নাম ‘অ্যাকাউন্টিং বিভাগ’ হিসেবে নির্ধারণ করা হয়েছে।

গত মাসের ২৪ তারিখে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেটে এই সিদ্ধান্ত গৃহীত হয়।

আরো পড়ুন



ভাঙছে সম্পর্ক, রাশমিকাকে ‘আনফলো’ করলেন বিজয়!

বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. মাকসুদুর রহমান সরকার গণমাধ্যমকে বলেন, প্রতিষ্ঠাকালীন এই বিভাগের নাম ছিল অ্যাকাউন্টিং বিভাগ।

পরবর্তীতে ২০০২ সালে নাম পরিবর্তন করে রাখা হয় অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ। চলতি বছরের জানুয়ারি মাসে এই নাম পরিবর্তনের লক্ষ্যে বিভাগের সিনিয়র শিক্ষকসহ বিভিন্ন স্টেকহোল্ডারদের নিয়ে একটি কমিটি গঠিত হয়।

তিনি আরো বলেন, এই কমিটি বিভিন্ন পর্যায়ের মানুষের সঙ্গে সভা করে নাম পরিবর্তনের সুপারিশ করে। পরে সেই সুপারিশ বিভাগের একাডেমিক সভায় গৃহীত হয়।

এরপর সেটি পাঠানো হয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে। সেখানে নাম পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলে সেটি সিন্ডিকেটে অনুমোদন পায়।